গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
সাঘাটা, গাইবান্ধা।
aclandsaghata65@gmail.com

স্মারক নং-৩১.৫৫.৩২৮৮.০০১.০৬.০১৫.২৪. - ০০৪ তারিখঃ ২০ পৌষ ১৪৩২ / ০৪ জানুয়ারী ২০২৬

## জলমহাল ইজারা বিজ্ঞপ্তি- ২০২৬

বিষয় ঃ গাইবান্ধা সাঘাটা উপজেলাধীন ২০ (কুড়ি) একর পর্যন্ত খাসবদ্ধ জলাশয়সমূহ ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ ০৩(তিন) বছরের জন্য ইজারা প্রদানের দরপত্র বিজ্ঞপ্তি ।

ভূমি মন্ত্রণালয় (সায়রাত-১ শাখা), ঢাকার স্মারক নং ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪, তারিখ ২৩/১১/২০২৫ খ্রি. মোতাবেক সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুয়ায়ী উপজেলা থেকে সাধারণ আবেদন সরকারি জলমহাল ১৪৩৩ হতে ১৪৩৫ বঙ্গাব্দ ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষপঞ্জিকার (Calender Year) মধ্যে নিষ্পন্ন করার সিদ্ধান্ত গ্রহণ করায় গাইবান্ধা জেলার সাঘাটা উপজেলাধীন ২০ (বিশ) একর পর্যন্ত আয়তনের নিম্নলিখিত সরকারি জলমহাল ইজারা প্রদানের নিমিত্তে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে শুধুমাত্র প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিকট থেকে নিদিষ্ট ফরমে আবেদন আহবান করা যাচ্ছে।

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ জলমহাল ব্যবস্থাপনার সিডিউলঃ

| ক্র/নং | তারিখ | গৃহীতব্য কার্যক্রম |
|---|---|---|
| ০১. | ২১ পৌষ, ১৪৩২ সনের মধ্যে অর্থাৎ ০৫ /০১/২০২৬ খ্রি. তারিখের মধ্যে) | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহবান। |
| ০২. | ০১ মাঘ ১৪৩২ থেকে ১৫ মাঘ,১৪৩২ সনের মধ্যে অর্থাৎ ১৫/০১/২০২৬ খ্রি. থেকে ২৯/০১/২০২৬ খ্রি. পর্যন্ত | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ০৩. | ১৮ মাঘ,১৪৩২ থেকে ২০ মাঘ,১৪৩২ সনের মধ্যে অর্থাৎ ০১/০২/২০২৬ খ্রি. থেকে ০৩/০২/২০২৬ খ্রি. পর্যন্ত | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ০৪. | ২২ মাঘ,১৪৩২ থেকে ২৮ মাঘ,১৪৩২ সনের মধ্যে অর্থাৎ ০৫/০২/২০২৬ খ্রি. থেকে ১১/০২/২০২৬ খ্রি. পর্যন্ত | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ০৫. | ২৯ মাঘ,১৪৩২ থেকে ০৫ ফাল্গুন, ১৪৩২সনের মধ্যে অর্থাৎ ১২/০২/২০২৬ খ্রি. থেকে ১৮/০২/২০২৬ খ্রি. পর্যন্ত | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ০৬. | ০৬ ফাল্গুন,১৪৩২ থেকে ২৬ ফাল্গুন,১৪৩২ সনের মধ্যে অর্থাৎ ১৯/০২/২০২৬ খ্রি. থেকে ১১/০৩/২০২৬ খ্রি. পর্যন্ত | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ০৭. | ২৭ ফাল্গুন,১৪৩২ থেকে ০২ চৈত্র,১৪৩২ সনের মধ্যে অর্থাৎ ১২/০৩/২০২৬ খ্রি. থেকে ১৬/০৩/২০২৬ খ্রি. পর্যন্ত | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও অন্যান্য ইজারা গ্রহীতাকে অবহিতকরণ। |
| ০৮. | ০৩ চৈত্র,১৪৩২ থেকে ১৫ চৈত্র,১৪৩২ সনের মধ্যে অর্থাৎ ১৭/০৩/২০২৬ খ্রি. থেকে ২৯/০৩/২০২৬ খ্রি. পর্যন্ত | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্য ইজারা মূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ০৯. | ০১ বৈশাখ, ১৪৩৩ (১৪ এপ্রিল ২০২৬ খ্রি.) | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

**১৪৩৩-১৪৩৫ বাংলা সনের ইজারাযোগ্য জলমহালের তালিকা**

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | জলমহালের নাম | জলমহালের তফসিল | মোট জমি | তিন বছরের জন্য প্রত্যাশিত মূল্য/ সরকারি নির্ধারিত মূল্য |
|---|---|---|---|---|---|
| ০১ | বোনারপাড়া | বামনদহ বিল | মৌজাঃ কালপানি, খতিয়ান নং-০১ দাগ নং ৪০৩/১৫৬৮ , হাল দাগ নং ৩৯১ | ৬.৬৯ একর। | ১,৪৭,৫২৫/- |
| ০২ | ভরতখালী | বাঘমারা বিল | মৌজাঃ মান্দুরা, খতিয়ান নং-০১ দাগ | ০.৫৩ একর। | ২৫,২০০/- |

CamScanner

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | নং- ৫২৫, হাল দাগ নং ৩৯০, | | |
| ০৩ | উল্যাসোনা তলা | ফরকানীর ভুলকি বিল | মৌজাঃ পাঠানপাড়া, খতিয়ান নং-০১ দাগ নং ৮৮৭,১০৪৯ হাল দাগ নং-২৪৩০, ২৩৪৮, | ১.২০ একর। | ৪০,৯৫০/- |
| ০৪ | কামালের পাড়া | কালিয়ারদহ পাঁচ গড়গড়িয়া বিল | মৌজাঃ পাঁচ গড়গড়িয়া, খতিয়ান নং-০১, দাগ নং ৮৪৯,৯৪৮, ৪৫৪, ৯৬৪, হাল দাগ নং ১০৩৪,৯৯৯,১০০০,১০৪০, ১০৩৯,১০৪১, | ৩.২৬ একর। | ৪,৫২,৫৫০/- |
| ০৫ | পদুমশহর | জোড় ডোবার বিল | মৌজাঃ ডিমলা পদুমশহর,খতিয়ান নং-০১, দাগ নং- ৮৩৪০, | ৩.৫৪ একর। | ১,১৮,১২৫/- |
| ০৬ | সাঘাটা | কচুয়া বিল | মৌজাঃ কচুয়া হাট,খতিয়ান নং-০১ দাগ নং ১৩৪১, হাল দাগ নং-১১১৩, | ৩.৫২ একর। | ৫,৮১,৭০০/- |
| ০৭ | উল্যাসোনা তলা | গাছাবাড়ী মজাপুকুর | মৌজাঃ গাছাবাড়ী, খতিয়ান নং-০১,দাগ নং ৩৮১,৩৮২, | ০.৬৩ একর। | ৫০,৪০০/- |
| ০৮ | সাঘাটা | মাদারদহ বিল | মৌজাঃ মথর পাড়া, খতিয়ান নং-০১,দাগ নং- ৪৫১, হাল দাগ নং ৩৫০, | ২.৭৮ একর। | ২৩,১০০/- |
| ০৯ | কামালের পাড়া | ফলিয়া গড় গড়িয়া বিল | মৌজাঃ ফলিয়া দিগর, খতিয়ান নং-০১, দাগ নং ১৭৭,২০০১,২৩৬৯, হাল দাগ নং-৭৮, | ১.৬৬ একর। | ৫,২৫০/- |
| ১০ | ভরতখালী | উল্যা ভরতখালী বিল | মৌজাঃ উল্যা, খতিয়ান নং-০১,দাগ নং ২৮০৬,৩৩২৯,২৪৯৬, | ২.০৯ একর। | ১৪,১৭৫/- |
| ১১ | মুক্তিনগর | ভেগীর বিল | মৌজাঃ শ্যামপুর, খতিয়ান নং-০১,দাগ নং-১৮০১/১৮৭০, | ১.৮৭ একর। | ৪৪,১০০/- |
| ১২ | মুক্তিনগর | সুদহের বিল | মৌজাঃ ধনারুহা, খতিয়ান নং-০১, দাগ নং ৭০৫,১২৯৯ হাল দাগ নং-৯৯৫, | ৩.০৪ একর। | ২,৪৩,১০২/- |
| ১৩ | সাঘাটা | ছালাভরা বিল মজাপুকুর | মৌজাঃ বাশহাটা, খতিয়ান নং-০১, দাগ নং ৩৭৬,হাল দাগ নং- ১৩৬০, ১৩৬১, | ০.৪০ একর। | ৮,৫০৫/- |
| ১৪ | সাঘাটা | শিয়ালকুড়ি বিল | মৌজাঃকচুয়াহাট, খতিয়ান নং-০১ দাগ-১০৭, হাল দাগ ৩৩৮, | ০.২৮ একর। | ১০,৫০০/- |
| ১৫ | মুক্তিনগর | চকচকিয়ার বিল | মৌজাঃচকচকিয়া, খতিয়ান নং০১ দাগ নং- ১১০৭, হাল দাগ নং-১১৯৪/১৯৫৪ | ৩.২২ একর। | ১০,৭১,০০০/- |
| ১৬ | উল্যাসোনা তলা | কাচারীর কুড়া মধ্য সাপাহতী বিল | মৌজাঃ পাঠানপাড়া, খতিয়ান নং০১ দাগ নং- ১১২৫,১১৬৩,৭৪২ হাল দাগ নং ১৫৫০,১২৬৪ | ১.৫৫ একর | ৯,৭৬৫/- |

**শর্তাবলীঃ**

১) অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা jm.lams.gov.bd লিংকে বা জেলা প্রশাসক, গাইবান্ধা ওয়েব সাইটে www.gaibandha.gov.bd রেজিষ্ট্রশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে।

CamScanner

২) আবেদনপত্র ফরম নির্ধারিত মূল্য ৫০০/-(পাঁচ শত) টাকা (অফেরতযোগ্য) প্রদান পুর্বক উক্ত সময় সূচি অনুযায়ী অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাঘাটা, গাইবান্ধা ও সহকারী কমিশনার (ভূমি), সাঘাটা, গাইবান্ধা এর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে।

৩) বিজ্ঞপ্তিতে প্রকাশিত সময় সূচি মোতাবেক নির্ধারিত ফরমে আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাঘাটা, গাইবান্ধা ও সহকারী কমিশনার (ভূমি), সাঘাটা, গাইবান্ধা এর কার্যালয়ে রক্ষিত নির্ধারিত বাক্সে জমা প্রদান করতে হবে।

৪) স্থানীয় প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন গুলোর মধ্যে যে সংগঠন/সমিতি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী, সে সকল প্রকৃত মৎস্যজীবী সংগঠন সংশ্লিষ্ট জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় তাহলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা মৎস্যজীবী সংগঠন/সমিতিকে ইজারা প্রদানের বিষয় অগ্রাধিকার দেয়া হবে।

৫) মৎস্যজীবী সংগঠন/সমিতিকে যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতি এর কোন রাষ্ট্রবিরোধী কাজে সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে উক্ত জলমহাল ইজারা প্রদান করা হবে না।

৬) নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি বা সমবায় অধিদপ্তরের নিবন্ধিত, সে সমিতি বা সমিতি সমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

৭) আবেদনকারী কোন মৎস্যজীবী সমবায় সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন, তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবেন। এ ছাড়া আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি যে গুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা বা সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র ও বিগত ২ বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন/সমিতির ক্ষেত্রে এ ধরণের অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।

৮) নির্দিষ্ট ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন তাদের সদস্যের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন এবং একইসাথে তার অনুলিপি উপজেলা নির্বাহী অফিসার ও আহবায়ক, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, সাঘাটা, গাইবান্ধা এর নিকট দাখিল করতে হবে।

৯) ০৩ বছর মেয়াদি লিজ পাওয়ার ক্ষেত্রে আবেদনকৃত জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১০) আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সংগঠন বা সমিতিকে jm.lams.gov.bd লিংকে রেজিষ্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটির গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়ন পত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে।

১১) উপজেলা নির্বাহী অফিসার, সাঘাটা, গাইবান্ধা বরাবর বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% হারে ব্যাংক ড্রাফট/ পে-অডার জামানত হিসেবে আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

১২) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে ইজারা প্রাপ্ত মৎস্যজীবী সংগঠন সাকুল্যে ইজারা মূল্য ও অন্যান্য সরকারি করাদি সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কর্ম দিবসের মধ্যে জলমহাল ও পুকুর ইজারা **১-৪৬৩১-০০০০-১২৬১** নং কোডে জমা প্রদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তিসংগত কারণ ব্যতীত সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে উপজেলা নির্বাহী অফিসার ইজারা বাতিল করবেন এবং জামানতের অর্থ সরকারের অনুকুলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১৩) জলমহাল ইজারার মেয়াদ ০১ বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যে কোন সময়ে জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ০১ বৈশাখ থেকে কার্যকর হবে এবং একই বছরের ৩০ চৈত্র তারিখে শেষ হবে। এ সময়ের মধ্যে কোন কারণে যদি খাস কালেকশন করা হয় তবে তা সরকারি খাতে জমা হবে। ইজারাপ্রাপ্ত সংগঠন/সমিতি পাবে না।

১৪) সময় মতো লিজমানি পরিশোধ না করলে, তথ্য গোপন করলে কিংবা অন্য কোন অনিয়মের কারণে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি লিজ বাতিল করে পুনরায় লিজ প্রদানের কার্যক্রম গ্রহণ করতে পারবেন।

১৫) লিজ গৃহীত কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি ২টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত নিতে পারবে না এবং অন্য কোন উপায়ে ব্যবহার করতে পারবেনা। যদি তা করে থাকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত লিজ বাতিল করে দিবেন এবং জমাকৃত লিজমানি সরকারের অনুকুলে বাজেয়াপ্ত করবেন। উক্ত লিজ গৃহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছরের জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

১৬) ইজারা মূল্যের উপর সরকার নির্ধারিত হারে ১৫% হারে ভ্যাট ও ১০% হারে আয়করসহ ইজারা মূল্যের সাথে একত্রে প্রদান করতে হবে।

CamScanner

১৭) ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা যাবে না।

১৮) সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি-বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবে।

১৯) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি বিধি মোতাবেক যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং ইজারার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

04.01.2026

(মোঃ আশরাফুল কবীর)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সাঘাটা, গাইবান্ধা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
সাঘাটা, গাইবান্ধা।

স্মারক নং- ৩১.৫৫.৩২৮৮.০০১.০৬.০১৫.২৪.০৫(২৫) তারিখঃ ২০ পৌষ ১৪৩২ / ০৪ জানুয়ারী ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), গাইবান্ধা।
০৩। প্রশাসক, উপজেলা পরিষদ, সাঘাটা, গাইবান্ধা।
০৪। উপজেলা নির্বাহী অফিসার,সাঘাটা, গাইবান্ধা।
০৫। উপজেলা সমবায় সমবায় /মৎস্য/কৃষি/সমাজসেবা/যুব উন্নয়ন/মহিলা বিষয়ক কর্মকর্তা, সাঘাটা, গাইবান্ধা।
০৬। অফিসার ইনচার্জ,সাঘাটা থানা, গাইবান্ধা।
০৭। চেয়ারম্যান, ........................................................................ ইউনিয়ন পরিষদ, সাঘাটা, গাইবান্ধা।
০৮। ........................................................................ সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, সাঘাটা, গাইবান্ধা।
০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা......................................................... ইউনিয়ন ভূমি অফিস, সাঘাটা, গাইবান্ধা। তাঁকে বিজ্ঞপ্তিটি ঢোল-শহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। সম্পাদক, দৈনিক.................................................. গাইবান্ধা। তাঁকে বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে আগামী সংখ্যায় এক দিনের জন্য প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
১২। অফিস নথি/নোটিশ বোর্ড।

04/01/2026

(শ্রী রতন কুমার দত্ত)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সাঘাটা, গাইবান্ধা।

CS CamScanner